দৈনিক
ইত্তেফাক

তারিখ ..... 24. JUL. 2016..
পৃষ্ঠা ...১৩... কলাম ...৪... ......

# নিয়োগ পরীক্ষায় প্রক্সি দিতে গিয়ে রাবি শিক্ষার্থীর কারাদণ্ড

■ রাবি সংবাদদাতা

রাজশাহী শিক্ষাবোর্ড মডেল স্কুল এন্ড কলেজে নাজির কাম কম্পিউটার পদে নিয়োগ পরীক্ষায় প্রক্সি দেয়ার দায়ে রাজশাহী বিশ্ববিদ্যালয় এক শিক্ষার্থীকে কারাদন্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত। গত শুক্রবার দুপুরে রাজশাহী শিক্ষাবোর্ড মডেল স্কুল এন্ড কলেজে পরীক্ষা চলাকালীন সময়ে কর্তৃপক্ষ তাকে আটক করে। পরে ভ্রাম্যমাণ আদালত তাকে ১৫ দিনের বিনাশ্রম কারাদন্ড প্রদান করে। দন্ডাদেশপ্রাপ্ত শফিকুল ইসলাম (২৩) রাবি সমাজকর্ম বিভাগের মাস্টার্স ফলপ্রার্থী।

রাজশাহী মহানগর পুলিশের মুখপাত্র ইফতেখায়ের আলম জানান, শিক্ষাবোর্ড মডেল স্কুল এন্ড কলেজের নিয়োগ পরীক্ষায় শফিকুল অন্যজনের হয়ে পরীক্ষা দিচ্ছিলেন। কর্তৃপক্ষ এ বিষয়টি বুঝতে পেরে তাকে আটক করে ভ্রাম্যমাণ আদালতে প্রদান করে। পরে ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট তাকে ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড দেন।